

আজকাল নিউস

আগরতলা ১০ মাঘ ১৪১৭ মঙ্গলবার ২৫ জানুয়ারি ২০১১



শিল্প নিগমের চেয়ারম্যান পবিত্র কর বলছেন হিন্দুস্থান মোটরসের আগরতলা শাখার উদ্বোধন অনুষ্ঠানে। সোমবার। ছবি: প্রণয় গোস্বামী

হিন্দুস্থান মোটরসের সার্ভিসিং সেন্টার

আজকালের প্রতিবেদন:- রাজ্যে পরিবহণ শিল্পে যুক্ত হল হিন্দুস্থান মোটরস। সোমবার জগন্নাথবাড়ি রোডে কোম্পানির সার্ভিসিং সেন্টারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ত্রিপুরা শিল্পোন্নয়ন নিগমের চেয়ারম্যান তথা বিধায়ক পবিত্র কর। উপস্থিত ছিলেন কোম্পানির জোনাল ম্যানেজার উৎপল মজুমদার, কানাড়া ব্যাঙ্কের রাজ্য শাখার ম্যানেজার ডি কে প্রসাদ। উদ্বোধকের ভাষণে বিধায়ক পবিত্র কর বলেন, পরিবহণ শিল্পে এই রাজ্য এগিয়ে যাচ্ছে। কর্মসংস্থান হয়েছে। মানুষের আয়ের পাশাপাশি যোগাযোগ ব্যবস্থারও উন্নতি হয়েছে রাজ্যে। রাজ্যের উন্নয়নে সবলকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানান। স্বাগত ভাষণ দেন সার্ভিসিং সেন্টারের দায়িত্ব থাকা অভিজিৎ রায়চৌধুরি। শ্রমিকদের পাশে নিয়েই আগামী দিনেও এগিয়ে চলার পথে হাঁটতে চান তিনি।